# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ ইলমে হাদীসে ব্যুৎপত্তি অর্জন করেনি এবং সঠিক উৎস থেকে ইলমে হাদীস গ্রহণ করেনি, এমন ব্যক্তি যেই হাদীসের সাথে সংশ্লিষ্ট হয়ে কবরের উপর সালাত আদায় করা নাজায়েয মনে করে

ذِكْرُ خَبَرٍ قَدْ تَعَلَّقَ بِهِ مَنْ لَمْ يَتَبَحَّرْ فِي الْعِلْمِ وَلَا طَلَبِهِ مِنْ مَظَانِّهِ فَنَفَى جَوَازَ الصَّلَاةِ عَلَى الْقَبْرِ

---

আরবী

3075 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَبِي رَافِعٍ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَجُلًا كَانَ يَلْتَقِطُ الْأَذَى مِنَ الْمَسْجِدِ فَمَاتَ فَفَقَدَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (مَا فَعَلَ فُلَانٌ؟ ) قَالُوا: مَاتَ قَالَ: (هَلَّا كُنْتُمْ آذَنْتُمُونِي بِهِ) فَكَأَنَّهُمُ استخفُّوا شَأْنَهُ قَالَ لِأَصْحَابِهِ: (انْطَلِقُوا فدُلُّوني عَلَى قَبْرِهِ) فَذَهَبَ فَصَلَّى عَلَيْهِ ثُمَّ قَالَ: (إِنَّ هَذِهِ الْقُبُورَ مَمْلُوءَةٌ ظُلْمَةً عَلَى أَهْلِهَا وإن الله ينورها عليهم بصلاتي)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3075 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (113) , ((الإرواء)) (3/ 184).

বাংলা

৩০৭৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি মাসজিদ থেকে কষ্টদায়ক জিনিস অপসারণ করতো। সেই ব্যক্তিটি মারা যায়। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার খোঁজ করেন। তিনি বলেন, “ওমুক ব্যক্তি কী করে?” লোকজন বললো, “সে মারা গিয়েছে।” তখন তিনি বলেন, “তোমরা কেন আমাকে তার ব্যাপারে জানাওনি?” যেন তারা তার ব্যাপারটিকে হালকা বিবেচনা করেছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের বললেন, “তোমরা চল। তোমরা আমাকে তার কবরের সন্ধান দাও।” অতঃপর তিনি সেখানে যান এবং তার উপর জানাযার সালাত আদায় করেন। তারপর তিনি বলেন, “নিশ্চয়ই এসব

কবরগুলো তার অধিবাসীদের জন্য অন্ধকারে পরিপূর্ণ থাকে এবং নিশ্চয়ই মহান আল্লাহ আমার সালাত আদায় করার কারণে তাদের জন্য কবরগুলোকে আলোকিত করে দেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৫৩; আত তায়ালিসী: ২৪৪৬; সহীহুল বুখারী: ৪৫৮; সহীহ মুসলিম: ৯৫৬; আবূ দাউদ: ৩২০৩; ইবনু মাজাহ: ১৫২৭; সুনান বাইহাকী: ৪/৪৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৩/১৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92405

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন